তারিখ 19 SEP 1988
পৃষ্ঠা ৮ কলাম ৪

৩৬

# অনার্স পরীক্ষা পণ্ড আসবাবপত্র ভাংচুর

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (সোমবার) সমাজ-কল্যাণ ও গবেষণা ইনষ্টিটিউট কেন্দ্রে অনার্স পরীক্ষা বিঘ্নিত হয়। জানা যায়, কর্তৃপক্ষ বিশেষ ব্যব-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## অনার্স পরীক্ষা পর্যন্ত

( ১ম পৃঃ পর )

স্থাধীনে ছাত্র শিবির কর্মীদের জন্য এই কেন্দ্রে পরীক্ষার ব্যবস্থা করেন। পরীক্ষা শুরুর পর একদল ছাত্র ইনষ্টিটিউট প্রাঙ্গণে শিবিরের বিরুদ্ধে শ্লোগান দিতে শুরু করে এবং তাহাদের পরীক্ষা নিতে দেওয়া হইবে না বলিয়া ধ্বনি দেয়। ফলে ইনষ্টিটিউট প্রাঙ্গণে দুই পক্ষের মধ্যে পাল্টা শ্লোগান এবং ইনষ্টিটিউটের লাইব্রেরীর আসবাব-পত্র ভাংচুর হয়। ফলে পরীক্ষা পণ্ড হইয়া যায়। পুলিশ ঘটনা-স্থলে গিয়া পরীক্ষার্থীদের নিরা-পদে কেন্দ্র হইতে বাহির করিয়া নেয়। ভিসি প্রফেসর আব-দুল মান্নান, প্রক্টর ও পরীক্ষা নিয়ন্ত্রক ঘটনাস্থল পরিদর্শন করিয়াছেন।

সমাজ কল্যাণ ইনষ্টিটিটিউটে ভাংচুরের প্রতিবাদে বিশ্ববিদ্যা-লয়ের একদল সাধারণ ছাত্র গত-কাল মধুর কেন্টিনের সামনে এক সভায় ঘটনার জন্য শিবিরকে দায়ী করিয়া দোষী ব্যক্তির শাস্তির দাবীতে আজ (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট আহ্বান করিয়াছে।

ছাত্র শিবির গতকাল কেন্দ্রীয় কার্যালয়ে এক সাংবাদিক সম্মে-লনে পরীক্ষা কেন্দ্রে হামলার ঘট-নায় ছাত্রদলকে দায়ী করিয়াছে। সাংবাদিক সম্মেলনে স্বাভাবিক-ভাবে পরীক্ষা গ্রহণের দাবীসহ ৪ দফা দাবী পেশ করা হয়।

এব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যা-লয়ের কর্তৃপক্ষের ভাষ্যে বলা হয়, সমাজকল্যাণ ইনষ্টিটিউট কেন্দ্রে গতকাল বিভিন্ন বিষয়ে ৩১ জন পরীক্ষার্থীর পরীক্ষা ছিল। বেলা সাড়ে ১০ টায় পরীক্ষা নেওয়া শুরু হয়। কিন্তু ১০ মিনিটের মধ্যে ইনষ্টিটিউটের কতিপয় ছাত্র ও বহিরাগত কিছু ব্যক্তি ক্যাম্পাসে আসিয়া ইসলামী ছাত্র শিবিরের আল বদর রাজা-কারদের পরীক্ষা বন্ধ করার জন্য শ্লোগান দিতে থাকে। ইতিমধ্যে পুলিশ আসিলে তাহারা পুলিশের বিরুদ্ধেও শ্লোগান দিতে শুরু করে। এক পর্যায়ে পরিস্থিতি চরম উত্তেজনাকর আকার ধারণ করে। তখন ধানমণ্ডি থানার ওসির সাহায্যে পর্যাপ্ত পরিমাণ পুলিশ তলব করিয়া পরীক্ষার্থী-দের হল হইতে নিরাপদ স্থানে পৌঁছাইয়া দেওয়ার ব্যবস্থা করা হয়। ঘটনার সময় কিছু আসবাব-পত্র ভাংচুর হইয়াছে।

033